



Information and translation provided in good
faith and correct at time of reviewing



Regionall anaesthesia for Caesarean section Information card



সিজারিয়ান সেকশনের জন্য রিজিওনাল এনেস্থেটিক - তথ্য কার্ড

রিজিওনাল এনেস্থেটিক (একটি ইপিডিউরাল অথবা স্পাইনাল এনেস্থেটিক) এক ধরনের ব্যথার উপশম যেখানে আপনাকে আপনার পিছনের নীচের অংশে লোকাল এনেস্থেটিকের জন্য একটি ইনজেকশন দেওয়া হয় যা আপনাকে সম্পূর্ণরূপে বুক থেকে নীচ পর্যন্ত অবশ করে দেয়। আপনার পাও অবশ হয়ে যাবে এবং আপনি চলাচল করতে সমর্থ হবেন না। পূর্ণ এনেস্থেটিক কার্যকরী হতে সাধারণত ১০ থেকে ২০মিনিট সময় নেয়।

এনেস্থেটিক স্থাপন করা

- আপনাকে প্রথমে সূঁচের মাধ্যমে সংযুক্ত একটি ড্রিপ নিতে হবে যাকে অন্তশিরা কেনুলা বলে যা আপনার হাতে কিংবা বাহুতে স্থাপন করা হয়।
- একজন এনেস্থেটিস্ট আপনার পিছনের নীচের অংশে একটি লোকাল এনেস্থেটিক ইনজেকশন দিবেন।
- আপনার মূত্রথলি খালি করার জন্য একটি টিউব ঢুকানো হবে যাকে ক্যাথটার বলে।
- বারবার আপনার রক্তচাপ এবং অক্সিজেনের মাত্রা পরীক্ষা করা হবে।

কিছু হাসপাতাল আপনাকে আপনার প্রসব সহযোগীদের কাছে এই প্রক্রিয়ায় থাকার অনুমতি দেবে, কিন্তু অন্যরা তাকে পরে আসার অনুমতি দেবে।

রিজিওনাল এনেস্থেটিকের সুবিধাসমূহ

এটা আপনার জন্য প্রায় সবচেয়ে নিরাপদ অপশন যদি আপনার সিজারিয়ান সেকশনের প্রয়োজন হয়। এটা আপনাকে শিশু জন্মদানের সময় সজাগ রাখবে এবং ব্যথা নিরাময়ের জন্য রিজিওনাল এনেস্থেটিক জেনারেল এনেস্থেটিকের চেয়ে অধিকতর কার্যকরী।

রিজিওনাল এনেস্থেটিকের সম্ভাব্য সমস্যাসমূহ

- এনেস্থেটিক অপারেশন শুরুর পূর্বে আপনার পুরো অবশ নিশ্চিত হওয়ার জন্য আপনাকে পরীক্ষা করবেন। এই পরীক্ষা ১০০% নির্ভরযোগ্য নয় এবং আপনি অপারেশনের সময় কষ্টদায়ক অনুভূতির অভিজ্ঞতা পেতে পারেন।
- সাধারণভাবে আপনার উদরে টানা ও ভিতরে ঢুকানোর অনুভূতি হতে পারে এবং এতে আপনার আতংকিত হওয়া উচিত হবে না। কিছু সময় হালকা ব্যথা হতে পারে, ড্রিপের মধ্যে ব্যথানাশক ঔষধ দিয়ে অথবা মাস্ক বা মাউথপিচের মাধ্যমে শ্বাস নিয়ে এর চিকিৎসা দেওয়া যেতে পারে। মাঝে মধ্যে আপনি তীব্র ব্যথা অনুভব করতে পারেন। যদি এরূপ ঘটে, এনেস্থেটিক আপনাকে সম্ভবত দ্রুত জেনারেল এনেস্থেসিয়া দিবেন।

এটা আপনাকে ঘুমিয়ে দিবে।

- সাধারণভাবে এনেস্থেটিক আপনার রক্তচাপ কমে যাওয়ার কারণ হতে পারে। এটা আপনাকে অসুস্থতা ও বিবর্ণতা অনুভব করতে পারে। এটা ঘটার সাথে সাথে যত দ্রুত সম্ভব আপনার এনেস্থেটিক আপনাকে ঔষধ দিয়ে চিকিৎসা দিবেন। অনেক সময় আপনার এ রকম উপসর্গ হওয়ার আগে ঔষধ দেওয়া হয়।

রিজিওনাল এনেস্থেটিকের ঝুঁকি এবং পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ	
সম্ভাব্য সমস্যা	সমস্যা কতটুকু সাধারণ
চুলকানি	সাধারণ - প্রতি ৩ থেকে ১০ জনে ১ জন, ঔষধ এবং ডোজের উপর নির্ভর করে
উল্লেখযোগ্যভাবে রক্তচাপ কমে যায়	মেরুদন্ড সম্পর্কিত: সাধারণ - প্রতি ৫ জনে ১ জন ইপিডিউরাল: কখনও কখনও - প্রতি ৫০ জনে ১ জন
প্রসববেদনার সময় পরিপূর্ণ কার্যকারিতার জন্য ইপিডিউরাল প্রয়োগ করা যথেষ্ট নয় সুতরাং সিজারিয়ান সেকশনের জন্য আরেকজন এনেস্থেটিক প্রয়োজন অপারেশনের সময় এনেস্থেটিক খুব বেশি কাজ করে না এবং ব্যথা কমানোর জন্য আরো অনেক ঔষধ প্রয়োজন সিজারিয়ান সেকশনের জন্য রিজিওনাল এনেস্থেটিক খুব ভাল কাজ করে না এবং জেনারেল এনেস্থেটিক প্রয়োজন	সাধারণ - প্রতি ৮ থেকে ১০ জনে ১ জন মেরুদন্ড সম্পর্কিত: কখনও কখনও - প্রতি ২০ জনে ১ জন ইপিডিউরাল: খুবই বিরল সাধারণ - প্রতি ৭ জনে ১ জন মেরুদন্ড সম্পর্কিত: কখনও কখনও - প্রতি ৫০ জনে ১ জন ইপিডিউরাল: কখনও কখনও - প্রতি ২০ জনে ১ জন
প্রচন্ড মাথাব্যথা	ইপিডিউরাল: কম - প্রতি ১০০ জনে ১ জন মেরুদন্ড সম্পর্কিত: কম - প্রতি ৫০০ জনে ১ জন
স্নায়ুবিিক ক্ষতি (উদাহরণস্বরূপ, পা অথবা পায়ের পাতা অসাড়তা, পায়ের দুর্বলতা)	ছয় মাসের কম সময়ের দীর্ঘস্থায়ী প্রভাব: বেশ বিরল - প্রতি ১,০০০ থেকে ২,০০০ জনে ১ জন ছয় মাসের বেশি সময়ের দীর্ঘস্থায়ী প্রভাব: বিরল - প্রতি ২৪,০০০ জনে ১ জন
মতিষ্ক ঝিল্লীর প্রদাহ	খুবই বিরল - প্রতি ১০০,০০০ জনে ১ জন

মেরুদন্ড অথবা মেরুদন্ডের পাশে অথবা ইপিডিওরালে ফোঁড়া (সংক্রমণ)	খুবই বিরল - প্রতি ৫০,০০০ জনে ১ জন
মেরুদন্ড অথবা মেরুদন্ডের পাশে অথবা ইপিডিওরালে হেমাটোম (রক্ত জমাট)	খুবই বিরল - প্রতি ১৬৮,০০০ জনে ১ জন
ফোঁড়া অথবা হেমাটোমা প্যারালাইসিস (প্যারাপলিজিয়া) গুরুত্বপূর্ণ ক্ষতি	খুবই বিরল - প্রতি ১০০,০০০ জনে ১ জন
ইপিডিওরালের সাথে: মেরুদন্ডের শিরায় দূষটিনাবশত অতিরিক্ত পরিমাণে লোকাল এনেস্থেটিক প্রয়োগ মেরুদন্ডী তরলে দূষটিনাবশত অতিরিক্ত পরিমাণে লোকাল এনেস্থেটিক প্রয়োগ, যা শ্বাস-প্রশ্বাসে গ্রহণে সমস্যা এবং খুব কম সময়ে অচেতন করতে পারে	খুবই বিরল - প্রতি ১০০,০০০ জনে ১ জন বেশ বিরল - প্রতি ২,০০০ জনে ১ জন

এই ঝুঁকি এবং পার্শ্ব প্রতিক্রিয়ার সঠিক পরিসংখ্যান সহজলভ্য নয়। পরিসংখ্যান অনুমানকৃত এবং হাসপাতালভেদে এর পরিবর্তন হতে পারে।

এই কার্ডটি সারসংক্ষেপ। www.labourpains.com ওয়েবসাইটে আরও অনেক তথ্য আছে। যদি আপনার কোন প্রশ্ন থাকে তাহলে আপনার এনেস্থেটিস্টের সাথে আলোচনা করা উচিত।

ওএএ কে অনুবাদ প্রদান করার জন্য আমরা দাতব্য ট্রান্সলটরস উইথআউট বর্ডারের নিকট কৃতজ্ঞ



© প্রসূতি এনেস্থেটিস্ট এসোসিয়েশন ২০১২

রেজিস্টার্ড দাতব্য নং ১১১১৩৮২

www.labourpains.com